গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
জেলা কমান্ড্যান্টের কার্যালয়, গাইবান্ধা।

স্মারক নং-৪৪.০৩.৫৫৩২.০০২.৫০.০১২.২৫-১২৭৬ | তারিখঃ ১০ আশ্বিন ১৪৩২ বাং / ২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ

## "অফিস আদেশ"

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা'র স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৫৩.০০১.২০২৫.৮৪৫; তারিখঃ ২৩/০৯/২০২৫ খ্রিঃ মোতাবেক শারদীয় দুর্গাপূজা-২০২৫ উপলক্ষে পূজামন্ডপের আইন-শৃংখলা রক্ষায় দায়িত্ব পালনের জন্য অত্র গাইবান্ধা জেলার ০৭ টি উপজেলায় নিম্নবর্ণিত 'ছক' অনুসারে সর্বমোট **৩৬৮২ (তিন হাজার ছয়শত বিরাশি) জন** আনসার-ভিডিপি সদস্য-সদস্যাকে আগামী **২৭/০৯/২০২৫ খ্রিঃ হতে ০২/১০/২০২৫ খ্রিঃ পর্যন্ত ০৬ (ছয়) দিনের** জন্য নির্দেশনাবলী পালন সাপেক্ষে অঙ্গীভূতির আদেশ জারী করা হলো।

| ক্রঃ/নং | উপজেলার নাম | পূজামন্ডপের ধরণ ও সংখ্যা | | | | পিসি, এপিসি ও আনসার-ভিডিপি সদস্য-সদস্যা | | | | | উপজেলা কর্মকর্তা ও উপজেলা প্রশিক্ষকের মোবাইল নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | অধিক গুরুত্বপূর্ণ | গুরুত্বপূর্ণ | সাধারণ | মোট পূজামন্ডপ | পিসি (লাঠিসহ) | এপিসি (লাঠিসহ) | আনসার-ভিডিপি (লাঠিসহ) পুরুষ | আনসার-ভিডিপি (লাঠিসহ) মহিলা | সর্বমোট জনবল | |
| ১ | গাইবান্ধা সদর | ১৯ | ২৯ | ৪৬ | ৯৪ | ১৯ | ৯৪ | ৩০১ | ১৮৮ | ৬০২ | ইউএভিডিও-০১৩২২৮৫৫১২৩<br>ইউআই-০১৭২৩৮১৭৫১১ |
| ২ | সুন্দরগঞ্জ | ২৫ | ১৯ | ৮৫ | ১২৯ | ২৫ | ১২৯ | ৪১২ | ২৫৮ | ৮২৪ | ইউএভিডিও-০১৭৭৭৭১৬৩১২<br>ইউআই-০১৮৭৮৯০০৫৫৯ |
| ৩ | সাদুল্লাপুর | ৯ | ৩৫ | ৬২ | ১০৬ | ৯ | ১০৬ | ৩২৭ | ২১২ | ৬৫৪ | ইউএভিডিও-০১৭৭৭৭১৬৩১১<br>ইউআই-০১৭১৯৩৮১১৬০ |
| ৪ | গোবিন্দগঞ্জ | ২২ | ৩৮ | ৭১ | ১৩১ | ২২ | ১৩১ | ৪১৫ | ২৬২ | ৮৩০ | ইউএভিডিও-০১৭৭৭৭১৬১৩<br>ইউআই-০১৭১৬৩৩৪২৯০ |
| ৫ | পলাশবাড়ী | ১ | ২৫ | ৩১ | ৫৭ | ১ | ৫৭ | ১৭২ | ১১৪ | ৩৪৪ | ইউএভিডিও-০১৭৩০০৯৪৪৫৮<br>ইউআই-০১৩১৩৩১৭৯৫৬ |
| ৬ | ফুলছড়ি | ০ | ১৬ | ০ | ১৬ | ০ | ১৬ | ৪৮ | ৩২ | ৯৬ | ইউএভিডিও-০১৭৩০০৯৪৪৫৬<br>ইউআই-০১৭১৮৮৭৬৫২২ |
| ৭ | সাঘাটা | ৭ | ১৩ | ৩৩ | ৫৩ | ৭ | ৫৩ | ১৬৬ | ১০৬ | ৩৩২ | ইউএভিডিও-০১৩২২৮৫৫১২৪<br>ইউআই-০১৯২৪৫৫১৫৪৩ |
| | সর্বমোট = | ৮৩ | ১৭৫ | ৩২৮ | ৫৮৬ | ৮৩ | ৫৮৬ | ১৮৪১ | ১১৭২ | ৩৬৮২ | |

প্রতি পূজামন্ডপে আনসার ও ভিডিপি সদস্য-সদস্যা মোতায়েনের হারঃ

| পূজামন্ডপের ধরণ | পিসি | এপিসি | আনসার-ভিডিপি (পুরুষ) | আনসার-ভিডিপি (মহিলা) | মোট |
|---|---|---|---|---|---|
| অধিক গুরুত্বপূর্ণ | ১ | ১ | ৪ | ২ | ৮ |
| গুরুত্বপূর্ণ | ০ | ১ | ৩ | ২ | ৬ |
| সাধারণ | ০ | ১ | ৩ | ২ | ৬ |

২। **মোতায়েন প্রক্রিয়া ঃ**

ক। পূজামন্ডপের সংখ্যা বৃদ্ধি হলেও স্থানীয় প্রশাসন এর সাথে সমন্বয়পুর্বক অনুমোদিত জনবল দ্বারা মোতায়েন সম্পন্ন করতে হবে অর্থাৎ কোন ক্রমেই অনুমোদিত জনবলের বেশি মোতায়েন করা যাবে না।

খ। দুর্গাপূজা উপলক্ষে মোতায়েনকৃত আনসার ও ভিডিপি সদস্যগণ মন্ডপভিত্তিক স্ট্যাটিক দায়িত্ব পালন করবে।

গ। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাগণ জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত অঙ্গীভূত আদেশের প্রেক্ষিতে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে সমন্বয় করে পূজামন্ডপভিত্তিক জনবল মোতায়েন করবেন।

ঘ। পূজামন্ডপে দায়িত্বপ্রাপ্ত অঙ্গীভূত পিসি/এপিসি, উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তার কমান্ড সার্টিফিকেট নিয়ে পূজামন্ডপে রিপোর্ট করবেন।

ঙ। পূজার কার্যক্রম শুরু থেকে শেষ পর্যন্ত অঙ্গীভূত আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাগণ পূজামন্ডপের সার্বিক নিরাপত্তা বিধানের দায়িত্ব পালন করবেন ও মোতায়েনস্থলে পূর্ণ ইউনিফর্মে সার্বক্ষণিক অবস্থান করবেন।

চ। পূজা চলাকালে উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা, উপজেলা প্রশিক্ষক ও প্রশিক্ষিকাগণ অঙ্গীভূত আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদের দায়িত্ব কর্তব্য সার্বক্ষণিক তদারকি করবেন।

ছ। কমান্ড সার্টিফিকেটে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা এবং প্রশিক্ষক, প্রশিক্ষিকাদের মোবাইল নম্বর দিবেন এবং মোতায়েনের পূর্বে সদস্য-সদস্যাদেরকে প্রয়োজনীয় ব্রীফিং প্রদান করবেন।





CamScanner

৩। **উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব ঃ**

ক। উপজেলা পর্যায়ে দুর্গাপূজা সংক্রান্ত ফোকাল পারসন নির্ধারন করতে হবে। পূজামন্ডপে দৃশ্যমান স্থানে ফোকাল পারসনসহ দায়িত্বরত পিসি/এপিসি, আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদের নাম ও মোবাইল নম্বর সম্বলিত ফেস্টুন ঝুলিয়ে রাখতে হবে।

খ। আনসার ও ভিডিপি সদস্যদের ২৪ ঘন্টা রোস্টার ভিত্তিক ডিউটি তালিকা সংশ্লিষ্ট উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় এবং পূজামন্ডপে সংরক্ষণ করতে হবে। তালিকা মোতাবেক দায়িত্ব পালন নিশ্চিত করতে হবে।

গ। পূজা এলাকার আওতাভুক্ত যেসকল উপজেলার পূজামন্ডপে আনসার সদস্য নিয়োজিত থাকবে সেসকল উপজেলার আনসার ও ভিডিপি কর্মকর্তা আনসার সদস্যদের দায়িত্বাবলি তত্ত্বাবধান করবেন।

ঘ। লাঠি, বাঁশি, পোষাকাদি ও অন্যান্য সরঞ্জামাদি প্রদান নিশ্চিত করবেন।

ঙ। কোন প্রশিক্ষণবিহীন সদস্য-সদস্যা যাতে অঙ্গীভূত না হয় তা নিশ্চিত করবেন।

চ। পূজামন্ডপে অঙ্গীভূত আনসার-ভিডিপি সদস্যদের দায়িত্ব তদারকি নিশ্চিত করবেন।

ছ। উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা ও তার টিআইগণ পর্যায়ক্রমিকভাবে ও পৃথক পৃথকভাবে এমনভাবে ভ্রমণসূচী নির্ধারণ করবেন যাতে দুই/তিন জনের যে কোন একজন কর্তৃক প্রত্যহ প্রতিটি পূজামন্ডপ পরিদর্শন করা হয়।

জ। কোন পরিস্থিতিতে কি করতে হবে তা লিখিতভাবে দায়িত্বরত আনসার-ভিডিপি সদস্য-সদস্যাদেরকে জানিয়ে দিতে হবে।

ঝ। মাঠ পর্যায়ে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/উপজেলা প্রশিক্ষক/প্রশিক্ষিকা ও ভাতাভোগী সকল সদস্য-সদস্যাদের মাধ্যমে প্রতি প্রস্তুতকরণের স্থানসমূহ পরিদর্শন করবেন, এছাড়াও ঘটনা-দুর্ঘটনার প্রতিবেদন ও গৃহীত প্রয়োজনীয় কার্যক্রমের তথ্য শারদীয় সুরক্ষা অ্যাপসে নিয়মিতভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।

ঞ। পূজামন্ডপে যে কোন ধরনের জরুরী প্রয়োজনে এনটিএমসির কো-অর্ডিনেশন সেলের নম্বর ০১৩৩৩০০০৮১৫, ০১৩৩৩০০০৮১৬, ০১৩৩৩০০০৮১৭ ফোনের মাধ্যমে যোগাযোগ করতে হবে।

ট। এছাড়াও যেকোন জরুরী প্রয়োজনে ৯৯৯ এ যোগাযোগ করতে হবে।

ঠ। প্রতিমা বিসর্জন শেষে পোষাকাদি ও লাঠি এবং অন্যান্য পূজা সামগ্রী নিরাপদে জেলা কার্যালয়ে পৌছানোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৪। **পূজামন্ডপে অঙ্গীভূত আনসার-ভিডিপি সদস্য-সদস্যাদের দায়িত্ব সমূহ ঃ**

ক। পূজামন্ডপে আগতদের নিয়মমত তল্লাশী কার্যক্রম জোরদার।

খ। পূজামন্ডপ এলাকায় আভ্যন্তরীণ নিরাপত্তা ও আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ।

গ। পুজামন্ডপে দর্শনার্থীদের শৃঙ্খলভাবে প্রবেশ ও প্রস্থানে সহায়তা করা।

ঘ। দর্শনার্থীদের শৃঙ্খলভাবে পূজা উদ্‌যাপনে সহযোগিতা করা।

ঙ। পূজামন্ডপের নিরাপত্তা বিধান করা।

চ। পূজামন্ডপে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি, উত্তেজনাকর পরিবেশ, কোন গোলযোগ বা অন্য কোন জরুরী পরিস্থিতির উদ্ভব হলে মন্ডপের পিসি/এপিসি তা তাৎক্ষণিকভাবে মন্ডপের দায়িত্বপ্রাপ্ত পুলিশসহ সংশ্লিষ্ট কমিটিকে অবহিত করবেন এবং যৌথভাবে পুলিশ ও আনসার পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য যা যা করণীয় তা সঠিকভাবে অনুসরণ করবেন। সংশ্লিষ্ট সকলের মোবাইল নম্বর লিখিত আকারে দায়িত্বপালনকারী সকল সদস্যদের কাছে সংরক্ষণ করতে হবে এবং তাদের নম্বরও প্রদান করতে হবে।

ছ। প্রতিমা বিসর্জন শেষে পোষাকাদি, লাঠি ও অন্যান্য পূজা সামগ্রী নিরাপদে জেলা কার্যালয়ে পৌছানোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

জ। পূজামন্ডপে নাশকতা প্রতিরোধে সতর্কতার সাথে দায়িত্ব পালন করতে হবে এবং বিঘ্ন সৃষ্টিকারী ও দুষ্কৃতিকারীদের অশুভ তৎপরতা রোধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঝ। অন্যান্য বাহিনী ও মন্ডপ কমিটির সাথে সমন্বয় করে দায়িত্ব পালন করতে হবে।

ঞ। মন্ডপে আগত সকলের সাথে সৌজন্যমূলক আচরণ করতে হবে। তবে মহিলা ও শিশুদের প্রতি আরো বেশি যত্নবান হতে হবে।

ট। বড় মন্ডপে পুরুষ ও মহিলা আলাদা প্রবেশ/বাহির পথ করতে হবে।

ঠ। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা অবলম্বন করতে হবে। পূজা চলাকালীন সময়ে পূজামন্ডপ ও তৎসংশ্লিষ্ট কোন ছবি/নিজের ডিউটিরত অবস্থার ছবি আপলোড করা যাবেনা।

ড। আনসার-ভিডিপি সদস্য-সদস্যাদের দায়িত্ব পালনের ক্ষেত্রে সর্বোচ্চ ধৈর্য্য ও সহনশীলতার পরিচয় দিতে হবে। দায়িত্ব পালনের সময় সহজে বহনযোগ্য টেকসই ও একই মাপের লাঠি (৩ ফিট) ব্যবহার করতে হবে।

ঢ। নদীর তীরবর্তী পুজামন্ডপে দায়িত্বপালনের উদ্দেশ্যে নদীপথে গমনকারী আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাগণ অতিকতর সতর্কতা অবলম্বন করবেন। এক্ষেত্রে অধিক বোঝাইকৃত নৌযান পরিহার করতে হবে।

৫। **পূজামন্ডপে অঙ্গীভূত আনসার-ভিডিপি সদস্য-সদস্যাদের করণীয় ও বর্জনীয় ঃ**

ক। যে কোন গোলযোগপূর্ণ পরিস্থিতিতে পূজামন্ডপে নিয়োজিত অংগীভূত পিসি, এপিসি ও আনসার সদস্যগণ সকলে একত্রে দায়িত্বপালনের স্থান ত্যাগ করতে পারবে না।

খ। পূজামন্ডপে নিয়োজিত অঙ্গীভুত সকল সদস্য-সদস্যাদের অনুকুলে ইস্যুকৃত লাঠি, ইউনিফর্ম ও অন্যান্য সামগ্রী রক্ষণাবেক্ষণ প্রত্যেকের স্ব স্ব দায়িত্ব হিসেবে গণ্য হবে। যে কোন কারণে ইস্যুকৃত দ্রব্যাদি হারানো গেলে বিধি মোতাবেক শাস্তি হবে।

গ। কর্তব্যরত আনসার ও ভিডিপি সদস্য-সদস্যা যথাযথভাবে ইউনিফর্ম পরিধান করে দ্বায়িত্ব পালন করবেন এবং কর্তব্যের স্থান ব্যতীত অন্য কোথায় গমন করবেন না।

ঘ। গভীর রাতে ও রাতের শেষ ভাগে অর্থাৎ সকালে ডিউটিতে কোন ধরনের শিথিলতা প্রদর্শন করা যাবে না।

ঙ। কর্তব্যরত অবস্থায় যেকোন পরিস্থিতি মোকাবেলার ক্ষেত্রে দায়িত্ব ও কর্তব্যের অবহেলা হলে আইন অনুযায়ী শাস্তিমুলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

চ। এছাড়াও কোন ধরনের প্রক্সি ডিউটি করা যাবে না।





CamScanner

৬। **পূজামন্ডপ পরিদর্শনঃ** পুজা চলাকালীন স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা এবং উপজেলা প্রশিক্ষক ও প্রশিক্ষিকা প্রতি দিনে বা রাত যে কোন সময় সর্বোচ্চ সংখ্যক পুজামন্ডপ পরিদর্শন করবেন।

৭। **ব্রিফিংঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাগণ মোতায়েনের পূর্বে অঙ্গীভুত আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদেরকে প্রয়োজনীয় ব্রিফিং প্রদান করবেন। ব্রিফিংকালে প্রয়োজনে ভারপ্রাপ্ত কর্মকর্তা/উপজেলা নির্বাহী কর্মকর্তাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করবেন।

৮। **আবাসন ব্যবস্থাপনাঃ** পুজামন্ডপের সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় প্রশাসন ও পুলিশ প্রশাসন এবং পূজা কমিটির সাথে সমন্বয়পূর্বক পূজামন্ডপের সন্নিকটে/নিকটবর্তী স্থানে আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদের আবাসনের ব্যবস্থা করতে হবে।

৯। **আদেশ ও সংকেত ঃ**

ক। সংশ্লিষ্ট উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তাকে দুর্গাপূজা উদযাপন সংক্রান্ত যেকোন তথ্য জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি, গাইবান্ধাকে নিয়মিত অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

খ। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, গাইবান্ধার সার্বক্ষণিক যোগাযোগের জন্য নিয়ন্ত্রণ কক্ষ খোলা হলো। পূজার বিষয়ে নিম্নবর্ণিত মোবাইল ফোন নম্বরে যোগাযোগ করবেন।

| | | |
|---|---|---|
| জেলা কমান্ড্যান্ট | ঃ | ০১৭৩০-০৩৮০৮৮ |
| ইউএভিডিও, সদর/সার্কেল অ্যাডজুট্যান্ট | ঃ | ০১৭২০-৮৪৬৬৮৪, ০১৩২২-৮৫৫১২৩ |
| অফিস সহকারী | ঃ | ০১৭৭৩-৭৯৪২৩৮, ০১৬৪৪০৮৭৫০০ |
| অফিস সহায়ক | ঃ | ০১৭৫১-১৪২৪০১, ০১৭৫৯-৮২০০০০ |

১০। **সর্বোপরি বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা এর স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৫৩.০০১.২০২৫-৮৪৬, তারিখ: ২৩/০৯/২০২৫ খ্রিঃ মূলে জারীকৃত মোতায়েন নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করতে হবে।**

(সনজয় কুমার সাহা)
বিএভি-১২০১১৯
জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, গাইবান্ধা।
Email: dcagaibandha@gmail.com
টেলিফোনঃ ০২৫৮-৯৯৮০৫৭১, ফ্যাক্সঃ ৯৯৮০০৭০
মোবাইল-০১৭৩০-০৩৮০৮৮।

স্মারক নং-৪৪.০৩.৫৫৩২.০০২.৫০.০১২.২৫-১২৬৩

তারিখঃ ১০ আশ্বিন ১৪৩২ বাং
২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ

**অনুলিপিঃ-**

| | | | |
|---|---|---|---|
| ১। | উপমহাপরিচালক, আনসার ও ভিডিপি, রংপুর রেঞ্জ, রংপুর। | - | সদয় অবগতির জন্য। |
| ২। | অপারেশন/বাজেট শাখা, আনসার ও ভিডিপি, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | - | ঐ |
| ৩। | জেলা প্রশাসক, গাইবান্ধা। | - | ঐ |
| ৪। | পুলিশ সুপার, গাইবান্ধা। | - | সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য। |
| ৫। | উপজেলা নির্বাহী অফিসার.............................., গাইবান্ধা। | - | ঐ |
| ৬। | জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গাইবান্ধা। | - | অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য। |
| ৭। | ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা,............................থানা, গাইবান্ধা। | - | ঐ |
| ৮। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (সকল) ................................, গাইবান্ধা। | - | ঐ |
| ৯। | অফিস কপি। | | |

জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, গাইবান্ধা।

CamScanner